গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা
www.sylhetdiv.gov.bd

**বিষয়: তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | খান মোঃ রেজা-উন-নবী<br>কমিশনার |
| সভার তারিখ | **২২ এপ্রিল ২০২৫** |
| সভার সময় | **দুপুর ০১:০০টা** |
| স্থান | বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট- 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত ২৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

২। অতঃপর সভায় বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **০১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংক্রান্ত:**<br>১.১ প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল প্রদর্শন এবং ওয়েবসাইটে আপলোডকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় বিভাগীয় কয়েকটি দপ্তরের ওয়েবসাইটে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য লিপিবদ্ধ না থাকার বিষয়টি উপস্থাপন করা হয়।<br><br>১.২ বিভাগীয় সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের হালনাগাদ তথ্য সংশ্লিষ্ট দপ্তরসমূহ হতে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১.১.১ প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন ও ই-মেইল নম্বর স্ব-স্ব দপ্তরের সামনে প্রদর্শন করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>১.১.২ নিজ দপ্তরের ওয়েবসাইটে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য লিপিবদ্ধ নেই এমন বিভাগীয় দপ্তরসমূহে ওয়েবসাইট হালনাগাদের জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>১.২ সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার হালনাগাদ তথ্য প্রেরণের জন্য বিভাগীয় দপ্তরসমূহে পুনরায় পত্র প্রেরণ করতে হবে। | ১। সংশ্লিষ্ট সকল দপ্তর<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা<br>৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |
| **০২. কর্মকর্তা/কর্মচারীদের অনলাইন প্রশিক্ষণ:**<br><br>২.১ সভায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে আলোচনা হয়। সভায় বিভাগীয় ৬২টি দপ্তরের মধ্যে ৪০টি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রশিক্ষণ গ্রহণের তথ্য উপস্থাপন করা হয়।<br><br>তথ্য অধিকার আইন, ২০০৯ এর সফল বাস্তবায়নের স্বার্থে সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনলাইনে প্রশিক্ষণ গ্রহণ করে অনলাইন সার্টিফিকেট গ্রহণের জন্য সভাপতি মহোদয় আহ্বান জানান।<br><br>২.২ যে সকল কর্মকর্তা অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করেননি তাঁদের তথ্য সভায় উপস্থাপন করা হয় এবং দ্রুত অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ২.১ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ গ্রহণ নিশ্চিত করতে হবে।<br><br>২.২ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে বিভাগীয় দপ্তরসমূহে পুনরায় পত্র প্রেরণ করতে হবে। | ১। সংশ্লিষ্ট সকল দপ্তর<br><br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখ |

| | | |
|---|---|---|
| **০৩. তথ্য অধিকার বিষয়ক প্রচারণা:**<br>৩.১ সভায় জানানো হয় যে, জনগণের অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। উক্ত আইন মতে তথ্য পেতে বিড়ম্বনা বা হয়রানির ঘটনা ঘটছে কিনা সে বিষয়ে কমিটির সদস্যদের সতর্ক থাকার বিষয়ে আলোচনা হয়। | ৩.১ তথ্য অধিকার আইন মতে তথ্য সরবরাহে ব্যত্যয় ঘটলে সে সম্পর্কিত তথ্য বিভাগ/জেলা/ উপজেলা কমিটিকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| **০৪. সংশ্লিষ্ট সংস্থার ওয়েব সাইটে স্বতঃপ্রণোদিতভাবে তথ্য প্রকাশ:**<br>৪.১ তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ এ তথ্য প্রকাশ ও প্রচারের বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি দাপ্তরিক ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের স্বার্থে স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যসমূহ স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে গুরুত্বারোপ করেন। | ৪.১ তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থার ওয়েবসাইটে স্বতঃপ্রণোদিতভাবে তথ্য প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br><br>৪.২ বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে সকল বিভাগীয় দপ্তরসমূহে পত্র প্রেরণ করতে হবে। | ১। সংশ্লিষ্ট সকল দপ্তর<br><br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |
| **০৫. বিবিধ:**<br>৫.১ তথ্য প্রাপ্তির আবেদন পাওয়ার পর আইনে বর্ণিত নির্দিষ্ট সময়সীমার মধ্যে তথ্য প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৫.১ তথ্য প্রাপ্তির আবেদন পাওয়ার পর তথ্য অধিকার আইন- ২০০৯ এ বর্ণিত নির্দিষ্ট সময়সীমার মধ্যে তথ্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট ক


২৬-০৪-২০২৫
খান মোঃ রেজা-উন-নবী
কমিশনার
০২৯৯৬৬৪৩২৬৬
divcomsylhet@mopa.gov.bd


তারিখ: ১৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ০৫.৪৬.০০০০.০০০.০০৪.৯৯.০০০১.২২.২৩১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২। সচিব, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ, বিভাগীয় কমিটি, সিলেট-এর সদস্যবৃন্দ।


২৬-০৪-২০২৫
খান মোঃ রেজা-উন-নবী
কমিশনার